উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/হালু/স্থায়ী কমিটি/২০২১- ১২৯

তারিখঃ ০৮/০৯/২০২১ খ্রিঃ।

# সভার নোটিশ

হালুয়াঘাট উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৪/০৯/২০২১ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত স্থায়ী কমিটির সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচি ঃ

১। কৃষি বিভাগীয় কার্যক্রম ও সেচ অবকাঠামো সংক্রান্ত।
২। বিবিধ।

০৮/০৯/২১

(শাখাওয়াত হোসেন ফকির)
উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হালুয়াঘাট, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। উপ-সহকারী প্রকৌশলী (সেচ), হালুয়াঘাট, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, ধারা/ ধুরাইল ইউ.পি.।
৭। জনাব .......................উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ।

## কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব শাখাওয়াত হোসেন ফকির, উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ ঃ ১৪/০৯/২০২১খ্রিঃ, সময় ঃ দুপুর১২.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিতসদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব কে হালুয়াঘাট উপজেলায় কৃষি ও সেচ কার্যক্রমের উপর গুরুত্বারোপ করেন।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | কৃষি সম্প্রসারণ অফিসার, হালুয়াঘাট জানান যে, রোপা আমনের কার্যক্রম শেষ পর্যায়ে ২১৫০০ হেক্টর জমি এবার আবাদ করা হয়েছে। ফসলের অবস্থা সার্বিক ভাবে ভালো। তাছাড়া প্রত্যেক সার ডিলারগণের দোকানে প্রচুর পরিমাণে সার রয়েছে। ডিলারগণকে মূল্য তালিকা টানিয়ে সার বিক্রি করতে নির্দেশনা প্রদান হয়েছে। তাছাড়া সারের মজুদ সন্তোষজনক এবং তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে।<br><br>খ. উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট গত বৎসর এই দিনে হালুয়াঘাট উপজেলার বেশ কয়েকটি ইউনিয়নে Flash flood হয়েছিল এবং কৃষকদের ব্যাপক ক্ষতি হয়েছিল বিধায় এ বৎসর যাতে এর পুনরাবৃত্তি না হয় সে বিষয়ে খেয়াল রাখার জন্য তিনি অনুরোধ জানান।<br>তিনি আরও জানান যে, গ্রামগঞ্জে অনেক সময় বিভিন্ন ফসলের মড়ক দেখা দেয় এ ব্যাপারে তিনি দ্রুত সময়ের কৃষককে দ্রুত পরামর্শ দিয়ে সাহায্য করার জন্য প্রস্তাব করেন। | ১.গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়ন করতে হবে।<br>২.ডিলারদের মাধ্যমে বিধি মোতাবেক নির্দিষ্ট সময়ে সার উত্তোলন এবং মূল্যের বিষয়টি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।<br>৩. সভাপতি এগ্রিমল/কৃষি পণ্যের বাজার যাতে নিয়মিত চালু থাকে সেজন্যে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক নিয়মিত মনিটরিং করার জন্য পরামর্শ প্রদান করেন।<br>৪. প্রত্যেক সারের দোকানে বাধ্যতামূলক ভাবে মূল্য তালিকা টানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. সভায় বিস্তারিত আলোচনার পর সারের কৃত্রিম সংকট রোধ করার জন্য বিশেষ ভাবে নজরদারি বৃদ্ধি করার জন্য তিনি সভায় প্রস্তাব করেন।<br><br>সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষি ও কৃষক এই দুয়ের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে এর বিস্তার বাড়ানোর ব্যাপারে সভায় সিদ্ধান্ত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪/০৯/২১
(শাখাওয়াত হোসেন ফকির)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হালুয়াঘাট।
তারিখঃ ১৪/০৯/২০২১ খ্রিঃ

স্মারক নং-কৃষি ও সেচ/হালু/২০২১- ২৬০
অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২। উপ-পরিচালক স্থানীয় সরকার , ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।
৫। চেয়ারম্যান............................................ইউপি, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১৪/০৯/২১
(মোঃ মাসুদুর রহমান)
উপজেলা কৃষি অফিসার
হালুয়াঘাট, ময়মনসিংহ।

০৮/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত
<u>সদস্যবৃন্দের স্বাক্ষরশীট ঃ</u>

| ক্রমিক নং | সদস্যদের নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | উপজেলা ভাইস চেয়ারম্যান, হালুয়াঘাট | সভাপতি | |
| ২. | উপজেলা কৃষি অফিসার, হালুয়াঘাট | সদস্য-সচিব | |
| ৩. | চেয়ারম্যান, ধারা, ইউ.পি. হালুয়াঘাট | সদস্য | |
| ৪. | চেয়ারম্যান, ধুরাইল ইউ.পি. হালুয়াঘাট | সদস্য | |
| ৫. | উপজেলা মৎস্য অফিসার, হালুয়াঘাট | সদস্য | |
| ৬. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, হালুয়াঘাট | সদস্য | |
| ৭. | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, হালুয়াঘাট | সদস্য | |